# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৭৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩. দ্বিতীয় অনুচ্ছেদ - রুকূ‘

আরবী

وَعَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ: لَمَّا نَزَلَتْ (فسبح باسم ربك الْعَظِيم)
قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اجْعَلُوهَا فِي رُكُوعِكُمْ» فَلَمَّا نَزَلَتْ (سَبِّحِ اسْمَ رَبك الْأَعْلَى)
قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اجْعَلُوهَا فِي سُجُودِكُمْ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَابْن مَاجَه والدارمي

বাংলা

৮৭৯-[১২] ’উক্‌বাহ্ ইবনু ’আমির (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, যখন ’’ফাসাব্বিহ বিসমি রব্বিকাল ’আযীম’’ (তোমার মহান রবের নামের পবিত্রতা বর্ণনা কর)- এ আয়াত নাযিল হলো, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এ আয়াতটিকে তোমরা তোমাদের রুকূ’তে তাসবীহরূপে পড়। এভাবে যখন ’’সাব্বিহিসমা রব্বিকাল আ’লা-’’ (তোমরা উচ্চ মর্যাদাশীল রবের নামের পবিত্রতা ঘোষণা কর) আয়াত নাযিল হলো, তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমরা এটিকে তোমাদের সাজদার তাসবীহতে পরিণত কর। (আবূ দাঊদ, ইবনু মাজাহ্ ও দারিমী)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৮৬৯, ইবনু মাজাহ্ ৮৮৭, তামামুল মিন্নাহ ১৯০, হাকিম ২/৪৭৭, দারিম ১৩৪৪। এর সানাদটি হাসান হওয়ার সম্ভাবনা রয়েছে। তার রাবীগণ সকলেই বিশস্ত ‘উক্ববাহ্ থেকে বর্ণনাকারী ইয়ায ইবনু ‘আমির ব্যতীত। আ‘যালী তাকে ত্রুটিমুক্ত বলেছেন এবং ইবনু হিব্বান তাকে তাঁর (اَلثِّقَاتُ) গ্রন্থে উল্লেখ করেছেন। ইবনু হাজার (রহঃ) বলেনঃ ইবনু খুযায়মাহ্ তার সহীহ হাদীস বর্ণনা করেছেন। আর ইমাম যাহাবী (রহঃ) তাকে দুর্বল বলেছেন। আলবানী (রহঃ) বলেনঃ ইমাম যাহাবীর এ বক্তব্য পরস্পর বিরোধী। কেননা ইমাম হাকিম তাঁর মুস্তাদরাকে হাদীসটি বর্ণনা করে তাকে সহীহ বললে ইমাম যাহাবী তা সমর্থন করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘আবদুল্লাহ ইবনু মাস্‘ঊদ (রাঃ) এবং সামনে আগত হুযায়ফাহ্ (রাঃ)-এর হাদীসও এর প্রমাণ। রুকূ‘তে ‘‘সুবহা-না রব্বিয়াল ‘আযীম’’ এবং সাজদায় ‘‘সুবহা-না রব্বিয়াল আ‘লা-’’ খাস করার উদ্দেশ্য হলো এটা বিনয়ভাব প্রকাশের অন্যতম নমুনা। কেননা সাজদাতে শরীরের সবচেয়ে দামী অঙ্গ ললাটকে অবনত করা হয় দু’টো পায়ের উপর ভর করে। আর বিনয়ের সর্বোচ্চ পন্থা হলো রুকূ'।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55438

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন